

নং-৪৬.০৪২.০১৪.৫৫.০২.১১৯.২০১১(১). ৭৫

তারিখঃ ০৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয়ঃ পিরোজপুর জেলা পরিষদের টেন্ডার বিজ্ঞপ্তি নং ০৪/২০১৫-২০১৬ এর ১-১৭ পর্যন্ত গ্রুপের টেন্ডারের কাজ যাচাইপূর্বক মতামত প্রদান।

সূত্রঃ পিরোজপুর জেলা পরিষদের স্মারক নং-৪৬.১০.৭৯০০.০০০.১০.০০৩.১৭-১২৭, তারিখঃ ২৫/৯/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেসার্স তালুকদার এন্টারপ্রাইজ, খামকাটা, পিরোজপুর মেসার্স সুভাষ এন্টারপ্রাইজ, পাড়ের হাট রোড, পিরোজপুর দরপত্র ছিনতাই ও দাখিল করতে না পারা সংক্রান্ত অভিযোগ দায়ের করলে তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়। জেলা পরিষদ পিরোজপুর এর ০৪/২০১৫-১৬ নং দরপত্র বিজ্ঞপ্তির ০১ থেকে ১৭ নং প্যাকেজের সিডিউল দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে গত ২৯/৬/২০১৬ তারিখে বাতিল করা হয়। অধ্যক্ষ মোঃ শাহ আলম পিরোজপুর জেলা পরিষদে গত ২৫/৭/২০১৬ তারিখে প্রশাসক হিসেবে যোগদান করেন। প্রশাসক নিয়োগের পূর্বে উক্ত দরপত্র বাতিল করা হয়। পূর্বের সিদ্ধান্ত উপেক্ষা করে প্রশাসক ০১-১৭টি প্যাকেজের পুনঃ দরপত্র আহবান না করে লটারীর ব্যবস্থা করেন যা সম্পূর্ণ অনিয়ম। তবে উক্ত ১৭টি প্যাকেজসহ ৩৮টি প্যাকেজের লটারী অত্যন্ত সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন হয়েছে এবং ১-১৭ নং প্যাকেজের অধিকাংশ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে মর্মে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল এর তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে।

২। এমতাবস্থায়, পিরোজপুর জেলা পরিষদের প্রাক্তন প্রশাসক অধ্যক্ষ মোঃ শাহ আলম কর্তৃক একক সিদ্ধান্তে লটারীর মাধ্যমে ১-১৭ প্যাকেজে যে কার্যাদেশ প্রদান করা হয় উক্ত প্যাকেজের আওতায় সকল কাজ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে কিনা তা যাচাইপূর্বক মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার
বরিশাল বিভাগ, বরিশাল।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।